# ট্রাস্ট ব্যাংক পিএলসি

টঙ্গী শাখা; ঠিকানাঃ সেনা কল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স (১ম তলা), প্লট # ০৯, ব্লক # এফ, টঙ্গী, গাজীপুর।

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

**(অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা অনুযায়ী)**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১। **মোঃ ইমরুল কায়েস (ফারুক),** পিতাঃ ফজলুর রহমান ভূইয়া, মাতাঃ আতর বানু, **স্বত্তাধীকারী- মেসার্স সি এইচ এন্টারপ্রাইজ,** ঠিকানা- পুবাইল বাজার, গাজীপুর সদর, গাজীপুর এবং ঠিকানা-বরকয়ের, কয়ের, পোঃ- পুবাইল , থানা- পুবাইল, জেলা- গাজীপুর (বন্ধকদাতা, ঋণগ্রহীতা এবং জামিনদার) ২। **শামশ পারভীন**, স্বামীঃ মোঃ ইমরুল কায়েস (ফারুক), ঠিকানা-বরকয়ের, কয়ের, পোঃ- পুবাইল, থানা- পুবাইল, জেলা- গাজীপুর (জামিনদার) এর নিকট খেলাপী ঋণ বাবদ বিগত **৩১-০৩-২০২৬** ইং তারিখ পর্যন্ত সুদসহ অত্র ব্যাংকের পাওনা সর্বমোট **৪৬,৪৩,২০৫.০০(ছেচল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার দুই শত পাঁচ টাকা)** মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের অনুকূলে রেজিষ্ট্রীকৃত বন্ধকী দলিলমূলে বন্ধককৃত ও রেজিষ্ট্রীকৃত আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি এবং তদউপরস্থিত বিল্ডিং/স্থাপনা/ সরঞ্জামাদিসহ (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণ হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে:-

### নিলাম বিক্রয়ের শর্তাবলীসমূহ:

১। প্রত্যেক নিলাম ক্রেতা বা দরদাতা তার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ঠ অক্ষরে নিলাম ক্রেতার/দাতার নাম, পিতার নাম, স্থায়ী এবং বর্তমান ঠিকানা, টেলিফোন নাম্বার, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আগামী ১৩/০৫/২০২৬ ইং তারিখ বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে ট্রাস্ট ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা; ঠিকানাঃ সেনা কল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স (১ম তলা), প্লট # ০৯, ব্লক # এফ, টঙ্গী, গাজীপুর এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র সরাসরি জমা দিতে হবে অথবা রেজিস্ট্রিকৃত ডাক যোগে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে এবং একই দিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ২। দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র প্রস্তাব উল্লেখ করতে হবে। ৩। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানতস্বরূপ যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ট্রাস্ট ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন। ৪। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করতে হবে, ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন। ৫। উপরোক্ত ৪নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরুপ আহ্বানে সম্মত হলে তাকে অনুচ্ছেদ ৪নং শর্তে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে, ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। ৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলভুক্ত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না। ৭। দরপত্র জমা দেওয়ার পর নিলামকৃত তফসিল সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্ত্বের দলিলপত্র সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবেনা এবং ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় দরপত্র দাতাকে হস্তান্তর করা হবে। এর অতিরিক্ত কোন কাগজপত্র প্রয়োজন হলে নিলাম ক্রেতাকে নিজ দায়িত্বে এবং নিজ খরচে তা সংগ্রহ করতে হবে। ৮। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন। ৯। ব্যাংক কর্তৃক বিবেচিত বিজয়ী সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিল মূলে হস্তান্তর করা হবে। সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয় সংক্রান্ত সম্পত্তির ট্যাক্স-ভ্যাটসহ অন্যান্য যাবতীয় খরচ নিলাম ক্রেতাকে বহন করতে হবে। ১০। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। ১১। সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রীয়া ও ব্যায়ভার নিলাম ক্রেতাকে বহন করতে হবে। ১২। দরপত্রের মাধমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন। ১৩। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র গৃহীত না হলে জামানতের টাকা ফেরত দেয়া হবে। তবে বাতিল বা গৃহিত জামানতের জন্য কোন ক্ষতিপূরণ প্রদান করা হবে না।

### সম্পত্তির তফসিল

জেলা- গাজীপুর, উপজেলা-কালীগঞ্জ, সাবরেজিঃ অফিস- কালীগঞ্জ, মৌজা- রয়েন, জে.এল নং- সি.এস ও এস.এ. ২৮৯/৩৯,আর এস- ৩৯।

| নং | খতিয়ান নং | | | দাগ নং | | জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|
| | এস.এ. | আর.এস | নামজারি | সি.এস ও এস.এ. | আর.এস | শতাংশ |
| ০১ | ৫১, ৩২ | ৯৬, ১০৪ | **৯৬, ১০৪ ও জোত নং-২৯৪** | ২০১, ২০৯, ৩৬০, ৩৬১, ৪১৬, ১৮০, ১৮১ | ২৬৫, ২৮০, ২৮১, ২৮২, ৫৮৭, ৫৮৮, ৬৮৪, ২৬০, ২৬১ | ৩৯.২৫ |
| | **কথায়- উনচল্লিশ দশমিক দুই পাঁচ শতাংশ** | | | | | **৩৯.২৫** |

উক্ত সম্পত্তিতে নির্মিত সকল নির্মান সহ। যাহার উত্তরে- সফির উদ্দিন মোল্লা, দক্ষিনে- গিয়াস উদ্দিন মোল্লা ও মমতাজ উদ্দিন, পূর্বে- সফির উদ্দিন মোল্লা, পশ্চিমে- জামাল মোল্লা।

**ধন্যবাদান্তে, শাখা ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা । মোবাইল- ০১৭৩০৩৭৬১৯০ এবং ০১৭৮৭৬৭২৩৭৮**

Size 7 x 3 Column
Pub: 21/04/2026 | Pary: Md. Imrul Kayes Faruk
Branch: Tongi Branch